

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৬৪৮

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এই সালাতে সাহু সাজদা সালাম ফেরানোর পর দিয়েছিলেন; আগে নয় মর্মে বর্ণনা

ذِكْنُ الْبَيَانِ بِأَنَّ الْمُصْطُفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ سَجَدَ سَجْدَتَيِ السَّهْوِ فِي هَذِهِ الصَّلَاةِ بَعْدَ السَّلَام لَا قَبْلُ

## আরবী

2648 ـ أَخْبَرَنَا زَكَرِيَّا بْنُ يَحْيَى السَّاجِيُّ بِالْبَصْرَةِ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ وَمُحَمَّدُ بْنُ الْمُثَنَّى قَالَا: حَدَّثَنَا شُعْبَةُ عَنِ الْحَكَمِ عَنْ إِبْرَاهِيمَ عَنْ عِنْ الْمُثَنَّى قَالَا: حَدَّثَنَا شُعْبَةُ عَنِ الْحَكَمِ عَنْ إِبْرَاهِيمَ عَنْ عَنْ الْمُثَنَّى قَالَا: حَدَّثَنَا شُعْبَةُ عَنِ الْحَكَمِ عَنْ إِبْرَاهِيمَ عَنْ عَلْقَمَةَ عَنْ عَبْدِ اللَّهِ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: أَنَّهُ صَلَّى الظُّهْرَ خَمْسًا فَقِيلَ: زيدَ فِي الصَّلَاةِ شَيْءٌ؟ فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (وَمَا ذَاكَ؟) قَالُوا: إِنَّكَ صليت خمسا فسجد سجدتين بعدما سلم.

الراوي: ابن مَسْعُود المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2648 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) ق.

## বাংলা

২৬৪৮. আব্দুল্লাহ বিন মাস'উদ রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একবার যোহরের সালাত পাঁচ রাকা'আত আদায় করেন। তখন তাঁকে বলা হলো, "সালাতে কি কোন কিছু বাড়ানো হয়েছে?" জবাবে নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "সেটা কী?" সাহাবীগণ বললেন, "আপনি পাঁচ রাকা'আত সালাত আদায় করেছেন!" অতঃপর তিনি সালাম ফেরানোর পর দুটি সাজদা করেন।"[1]

## ফটনোট



[1] সহীহুল বুখারী: ৪০৪; সহীহ মুসলিম: ৫৭২; আবূ দাউদ: ১০১৯; তিরমিযী: ৩৯২; নাসাঈ: ৩/৩১; ইবনু মাজাহ: ১২০৫; সুনান বাইহাকী: ২/৩৪১; বাগাবী: ৭৫৬।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৯৩৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন